

সঙ্কীতে থ্রিপস পোকা

থ্রিপস বেগুন, কাকরোল, টমেটো, করলা, শশা, চিচিঙ্গা ইত্যাদি সঙ্কীর ক্ষতি সাধন করে থাকে। ইউরোপীয় ইউনিয়ন ভুক্ত দেশসমূহে সঙ্কী রপ্তানীতে এ পোকা প্রধান সমস্যা। এ পোকা খুব ছোট, কালো পাখনামুক্ত এবং মারাত্মক ক্ষতিকর। অপরিনত পোকা দেখতে পূর্ণাঙ্গ পোকার মত তবে রং হালকা হলুদ ও ডানহীন। থ্রিপস অতি ক্ষুদ্র হওয়ায় সহজে এর উপস্থিতি টের পাওয়া যায় না। ফসলের মাঠে সাদা নীল রং এর আঁঠালো ফাঁদ ব্যবহার করে থ্রিপসের উপস্থিতি সনাক্ত করা যায়।

ক্ষতির নমুনা:

পূর্ণবয়স্ক থ্রিপস ফুলে বেশী আক্রমণ করে। অপরিনত ও পূর্ণাঙ্গপোকা কচি পাতা ও ফুলের রস চুষে খায় ফলে পাতা প্রথমে হলুদ বর্ণ ধারণ করে যা পরবর্তীতে সাদা বা তামাটে বর্ণসহ কুকড়িয়ে যায় এবং পাতা ও ফুল ঝরে পড়ে। ফুলে আক্রমণ করার কারণে কখনও কখনও ফলের বৃতি থেকে নীচের দিকে ক্ষত চিহ্নের ন্যায় দাগ দেখা যায়। থ্রিপস ভাইরাসের বাহক হওয়ায় রপ্তানীকারক দেশ বাংলাদেশ থেকে সঙ্কি আমদানী করার ক্ষেত্রে নানা ধরনের সতর্কতা অবলম্বনসহ বিভিন্ন শর্ত আরোপ করে থাকে। তাই যে অঞ্চল থেকে সঙ্কি বিদেশে রপ্তানী হয় সে অঞ্চলে অত্যন্ত দক্ষতার সাথে এ পোকা দমন করা জরুরী।



ছবি : সঙ্কীতে থ্রিপস পোকায় আক্রমণ

সমন্বিত দমন ব্যবস্থাপনা:

- ১। আক্রান্ত গাছ তুলে দূরে নিয়ে ধ্বংস করা।
- ২। সতর্কতার সংগে মাঠ পরিদর্শন করে দলবদ্ধভাবে থাকা থ্রিপসের বাচ্চা নতুন পাতাসহ সংগ্রহ করে ধ্বংস করা।
- ৩। মাঠে সাদা বা নীল রং এর আঁঠালো ফাঁদ প্রয়োগ করে আক্রমণ কমানো যায়।
- ৪। কচি পাতা বের হওয়ার পরপরই কুইনালফস গ্রুপের কীটনাশক প্রতি লিটারে ২ মিঃলিঃ হারে প্রয়োগ করতে হবে।

ও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।